

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৭৩

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ৪৬. রাসূলুল্লাহ (ﷺ) হতে (হাদীস) প্রচার ও সুন্নাত শিক্ষা দান

بَابُ الْبَلَاغِ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللهُ عَلَيْهِ وَسَلَّمَ، وَتَعْلِيمِ السُّنَنِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ حُمَيْدٍ حَدَّثَنَا يَحْيَى بْنُ الضُّرَيْسِ قَالَ سَمِعْتُ سُفْيَانَ يَقُولُ مَنْ تَرَأُسَ سَرِيعًا أَضَرَّ بِكَثِيرٍ مِنْ الْعِلْمِ وَمَنْ لَمْ يَتَرَأُسْ طَلَبَ وَطَلَبَ حَتَّى يَبْلُغَ

إسناده ضعيف لضعف محمد بن حميد

বাংলা

৫৭৩. ইয়াহইয়া ইবনু যুরাইছ হতে বর্ণিত, তিনি বলেন, আমি সুফিয়ান রাহি.-কে বলতে শুনেছি: যে ব্যক্তি দ্রুত নেতা হয়ে যায়, সে ইলমের ব্যাপক ক্ষতি সাধন করে। আর যে নেতা না হয়, সে ইলম তালাশ করতে থাকে, এভাবে এমনকি সে (একসময় পূর্ণতায়) উপনীত হয়।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ, কেননা, মুহাম্মদ ইবনু হামীদ যয়ীফ।

তাখরীজ: আমি এ শব্দে এটি পাইনি; অনুরূপ বর্ণনা করেছেন বাইহাকী, শুয়াবুল ঈমান নং ১৬৭০ যার সনদও যয়ীফ।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ ইয়াহইয়া ইবনু যুরাইছ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন